যুগান্তর

তারিখ 20 FEB 2017
পৃষ্ঠা ২ কলাম ৬

# জবি শিক্ষকের বিরুদ্ধে ছাত্রীর যৌন হয়রানির অভিযোগ

**জবি প্রতিনিধি**

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের (জবি) নাট্যকলা বিভাগের এক শিক্ষকের বিরুদ্ধে তার নিজ বিভাগের এক ছাত্রীকে যৌন হয়রানির অভিযোগ উঠেছে।

বৃহস্পতিবার ওই ছাত্রী বিশ্ববিদ্যালয়ের ভিসির কাছে লিখিত অভিযোগ করেছেন। ভিসির দফতর থেকে এ তথ্য জানা গেছে।

জানা যায়, নাট্যকলা বিভাগের চেয়্যারমান ড. মো. আবদুল হালিম প্রামাণিক (সম্রাট) বুধবার বিকাল সাড়ে ৫টার দিকে ওই বিভাগের এক ছাত্রীকে ফোন করে ক্লাসে আসতে বলেন। ছাত্রী বিভাগে এলে আবদুল হালিম তাকে একাডেমিক পরামর্শ দিয়ে বিভাগের শ্রেণীকক্ষে বসতে বলেন। সেখানে আবদুল হালিম ছাত্রীর গায়ে হাত দিয়ে কুপ্রস্তাব দেন।

এ সময় ওই ছাত্রী আবদুল হালিমকে ধাক্কা দিয়ে শ্রেণীকক্ষ থেকে বের হয়ে আসেন। পরে আবদুল হালিম ছাত্রীকে ঘটনার কথা কাউকে না জানাতে বলেন।

তাকে কম উপস্থিতির অভিযোগে পরীক্ষা দেয়ার অনুমতি চেয়ে মিথ্যা একটি আবেদনপত্র দিতে বলেন। পরে ছাত্রী বৃহস্পতিবার ভিসির কাছে লিখিত অভিযোগ করেন।

এ বিষয়ে জানতে অভিযুক্ত শিক্ষকের মুঠোফোনে যোগাযোগের চেষ্টা করেও তাকে পাওয়া যায়নি। বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক ড. মীজানুর রহমান বলেন, নাট্যকলা বিভাগের এক শিক্ষার্থীর অভিযোগের পরিপ্রেক্ষিতে গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের চেয়্যারম্যান ড. হেলেনা ফেরদৌসিকে প্রধান করে গঠিত নারী নির্যাতন বিষয়ক তদন্ত কমিটিকে ঘটনা তদন্ত করে ৭ দিনের মধ্যে প্রতিবেদন দিতে বলা হয়েছে। তদন্তে অভিযোগ প্রমাণিত হলে অভিযুক্তের বিরুদ্ধে ব্যবস্থা নেয়া হবে।